ট্যাক্সি ও প্রাইভেট হায়ার সম্পর্কিত তথ্য

ট্যাক্সি ও প্রাইভেট হায়ার সার্ভিসসমূহ

ট্যাক্সিসমূহ (ব্ল্যাক ক্যাবস) হল রাস্তায় ডাকা যায় বা ট্যাক্সি রাখার নির্ধারিত স্থানসমূহ থেকে ডাকা যায় এমন একমাত্র যানবাহন। সকল ট্যাক্সিতে ভ্রমণের শেষে পরিশোধযোগ্য ভাড়া প্রদর্শন করা মিটার ও হলুদ 'ট্যাক্সি' লাইট ফিট করা আছে।

প্রাইভেট হায়ার-এ মিনিক্যাব, লিমুজিন, নির্বাহী কার সার্ভিসসমূহ ও মাইনে দেয়া চালক কর্তৃক চালিত যানসহ বিভিন্ন ধরণের সেবার ব্যবস্থা করা আছে।

সকল মিনিক্যাব ও প্রাইভেট হায়ার ভ্রমণ অবশ্যই একটি লাইসেন্সধারী প্রাইভেট হায়ার পরিচালকের (operator) মাধ্যমে বুক করে নিতে হবে - পরিচালকের (operator) মাধ্যমে বুক না করা যে কোন যান হল লাইসেন্সবিহীন, বীমাবিহীন, অনিরাপদ ও অবৈধ।

হারানো জিনিসপত্র

ট্যাক্সিতে হারানো কোন জিনিসপত্রের ব্যাপারে ট্রান্সপোর্ট ফর লন্ডন (টিএফএল - TfL)-এর লস্ট প্রপার্টি অফিস (Lost Property Office) -এ রিপোর্ট করা উচিত এবং লস্ট প্রপার্টি অফিস (Lost Property Office) -এ আপনি **0845 330 9882***-এ ফোন করে যোগাযোগ করতে পারেন বা আপনার জিনিস পাওয়া গেছে কি না জানতে **tfl.gov.uk/lpo**-এ গিয়ে লস্ট প্রপার্টি ফর্মটি ব্যবহার করুন।

ট্যাক্সিতে হারিয়ে যাওয়া কোন জিনিসের লস্ট প্রপার্টি অফিসে পৌঁছতে সাত দিন পর্যন্ত সময় লাগতে পারে।

প্রাইভেট হায়ার যানসমূহে প্রাপ্ত জিনিসপত্র সংশ্লিষ্ট পরিচালকের অফিসে রাখা হয়, যেখানে হারানো জিনিসকে লিপিবদ্ধ করা হয়।
আপনি যে অপারেটর-এর সাথে বুক করেছিলেন, আপনার জিনিস পাওয়া গেছে কি না তা জানতে অনুগ্রহ করে তার সাথে যোগাযোগ করুন।

4 এপ্রিল 2009 থেকে ট্যাক্সি ভাড়া

মিটারটি দিনের সময়, ভ্রমণকৃত দূরত্ব ও ট্যাক্সির গতির উপর ভিত্তি করে সর্বোচ্চ ভাড়া হিসেব করে। ভাল কোন কারণ না থাকলে গাড়ি চালকদেরকে অবশ্যই 12 মাইলের মধ্যে (হিথ্রো এয়ারপোর্ট হলে 20 মাইল), অথবা গন্তব্য গ্রেটার লন্ডন-এ হলে এক ঘন্টা সময়সীমার যে কোন স্থানে যেতে রাজি হতে হবে।

গন্তব্য গ্রেটার লন্ডন-এর বাইরে হলে গাড়ি চালক রাজি হতে বাধ্য নয় এবং এসব ক্ষেত্রে ভাড়া নির্ধারণ চালক ও ভাড়াকারী এর মধ্যে আলোচনার মাধ্যমে করা যেতে পারে।

নমুনা ভাড়াসমূহ:

অনুগ্রহ করে মনে রাখবেন যে, বিলম্ব বা ভারী যানজটের কারণে প্রদর্শিত ভাড়া ও সময় থেকে আসল ভাড়া ও সময় বেশি হতে পারে।

মিটার-এ ভাড়ার তালিকা		1	2	3
দূরত্ব	মিনিট-এ আনুমানিক ভ্রমণকাল	সোম থেকে শুক্রবার **06:00 – 20:00**	সোম থেকে শুক্রবার **20:00 -22:00** শনি ও রবিবার **06:00 – 22:00**	প্রতি রাত **22:00 – 06:00** ও সরকারী ছুটির দিন
1 মাইল	5 - 12	£4.60 - £8.20	£4.80 - £8.20	£5.00 - £8.40
2 মাইল	8 - 15	£7.00 - £10.80	£7.00 - £11.00	£7.60 - £12.00
4 মাইল	15 - 30	£11.00 - £18.00	£13.00 - £18.00	£15.00 - £22.00
6 মাইল	20 - 40	£17.00 - £28.00	£19.00 - £28.00	£23.00 - £33.00
হিথ্রো ও সেন্ট্রাল লন্ডন-এর মধ্যে	30 - 60	£40.00 - £75.00		

সবসময় £2.20-এর একটি ন্যূনতম ভাড়া থাকবে।

মালামাল বা বাড়তি যাত্রীর জন্য কোন আলাদা চার্জ নেই।

বাড়তি চার্জসমূহ (এগুলো অবশ্যই যাত্রা শুরুর পূর্বে মিটার-এ যোগ করতে হবে):

- **টেলিফোন বুকিং:** £2.00 পর্যন্ত;
- **হিথ্রো এয়ারপোর্ট:** এয়ারপোর্ট থেকে শুরু হওয়া ভ্রমণের জন্য £2.00;
- **ক্রিসমাস/নিউ ইয়ার:** 24 ডিসেম্বর-এর 20:00 থেকে 27 ডিসেম্বর-এর 06:00 পর্যন্ত বা 31 ডিসেম্বর-এর 20:00 থেকে 2 জানুয়ারি 2010 সকাল 06:00 পর্যন্ত সময়সীমার মধ্যে করা ভ্রমণসমূহের জন্য £4.00।

কিছু ট্যাক্সি ক্রেডিট বা ডেবিট কার্ড গ্রহণ করে, সাধারণত তারা মিটারের ভাড়ার 10% থেকে 15% বাড়তি হিসেবে চার্জ করে।

ধৌতকরণের জন্য গাড়িকে সার্ভিসের বাইরে নেয়ার প্রয়োজন পড়লে চালক ভাড়াকারীকে সয়েলিং-এর জন্য £40.00 পর্যন্ত **সয়েলিং চার্জ** করতে পারে।

রসিদসমূহ

ভ্রমণকালীন সময়ে বা ভ্রমণের শেষে কোন যাত্রী যদি রসিদ চান তবে ট্যাক্সি চালকদের অবশ্যই তা প্রদান করতে হবে।

অভিগম্যতা

সকল লাইসেন্সধারী ট্যাক্সিতে হুইলচেয়ার প্রবেশের ব্যবস্থা রয়েছে আর অনেক ট্যাক্সিতে প্রবেশের সুবিধার্থে ও যাত্রা সহজ করার জন্য আঁকড়ে ধরার হাতল (grab handles), আরামপ্রদ করার জন্য আবর্তিত হতে পারা আসন (swivel seats), মধ্যবর্তী সিঁড়ি (intermediate step), যারা কানে কম শুনেন তাদের ভালভাবে শোনার জন্য ইনডাকশন লুপ (induction loops) ও ইন্টারকম (intercoms) সহ আরো অনেক ব্যবস্থা রয়েছে। ট্যাক্সিতে ভ্রমণ করতে গেলে হুইলচেয়ারকে নিরাপদ রাখতে হবে, ট্যাক্সিতে প্রবেশের পর সাহায্য-সহযোগিতার জন্য অনুগ্রহ করে চালককে জিজ্ঞেস করুন।

প্রাইভেট হায়ার যানগুলো সাধারণত স্যালুন কার বা যাত্রী বহনকারী হয়ে থাকে তবে অনেক প্রাইভেট হায়ার পরিচালকদের কাছে হুইলচেয়ার প্রবেশের সুবিধাসম্পন্ন যান থাকে। বুকিং করার সময় আপনার কোন প্রয়োজনীয়তা সম্পর্কে পরিচালককে জানানোর কথা মনে রাখবেন।

সকল লাইসেন্সধারী ও প্রাইভেট হায়ার যানসমূহ বাড়তি কোন চার্জ ছাড়াই সাহায্যকারী কুকুর বহন করে।

যাত্রীদের জন্য তথ্য

দু'টি স্থানীয় লাইসেন্সধারী মিনিক্যাব পরিচালকদের নম্বরসমূহ ও আপনার মোবাইলে সরাসরি একটি ট্যাক্সি নম্বর পাবার জন্য ক্যাবওয়াইজ (Cabwise) ব্যবহার করুন, কেবল HOME লিখে 60835** নম্বর-এ পাঠিয়ে দিন আর নম্বরগুলো সরাসরি আপনার মোবাইল-এ পাঠিয়ে দেয়া হবে।

লাইসেন্সধারী প্রাইভেট কার পরিচালকদের তথ্যের জন্য তাদের প্রদত্ত সেবাসমূহ (মিনিক্যাব, লিমুজিন ইত্যাদি) ও তাদের চলাচল এলাকার মাধ্যমে ফাইন্ডএরাইড (Findaride) ব্যবহার করুন। **tfl.gov.uk/findaride** -এ যান।

লন্ডন-এর যে কোন অংশে মিনিক্যাবসহ ট্যাক্সি ও প্রাইভেট হায়ার সার্ভিসেস-এর ব্যাপারে তথ্যের জন্য টিএফএল (TfL) -এর 24 ঘন্টাব্যাপী ট্রাভেল ইনফরমেশন কল সেন্টার (Travel Information Call Centre) -এ **020 7222 1234** নম্বর-এ ফোন করুন।

ভ্রমণ পরিকল্পনার ব্যাপারে সাহায্য পেতে **tfl.gov.uk/traveltools** -এ যান।

মতামত ও অভিযোগ

আপনি যদি লন্ডনের কোন ট্যাক্সি বা এর চালকের ব্যাপারে অভিযোগ করতে চান, তবে আপনাকে ঘটনার পর যত দ্রুত সম্ভব আমাদেরকে জানাতে হবে।

কোন অভিযোগ বা ভাল সেবার ব্যাপারে মতামত প্রদান করতে আপনি **tfl.gov.uk/contactcabs**-এ ট্যাক্সি কমপ্লেইন্ট ফর্ম ব্যবহার করুন, **coms@pco.org.uk** -এ ইমেইল বা **0845 300 7000***-এ কল করতে পারেন আর আমরা এ ব্যাপারে চালকের মনোযোগে আনা নিশ্চিত করব।

কোন প্রাইভেট হায়ার চালক বা পরিচালকের প্রদত্ত কোন সেবার ব্যাপারে আপনার কোন ধরণের অভিযোগ থাকলে আপনি যে পরিচালকের সাথে বুকিং করবেন তাকে জানানো উচিত। ফলাফল নিয়ে আপনি সন্তুষ্ট না থাকলে, বা পরিচালকের তদন্তকার্য আপনার কাছে সন্তোষজনক মনে না হলে, অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।

* ফোন প্রদানকারী ভেদে 0845 নম্বরসমূহে কল করার মূল্য ভিন্ন হতে পারে।

** প্রতিটি অনুসন্ধানের জন্য টেক্সট-এ সাধারণ টেক্সট মেসেজ রেটসহ 35p চার্জ করা হয়। অন্য দেশের নেটওয়ার্ক-এর ক্ষেত্রে রোমিং রেট প্রযোজ্য। 3 নেটওয়ার্ক-এর গ্রাহকদের ভিন্ন তথ্য প্রদান করতে হবে। বিস্তারিত তথ্যের জন্য **tfl.gov.uk/cabwise** দেখুন।

ওয়েবসাইট

tfl.gov.uk

24 ঘন্টাব্যাপী ট্রাভেল ইনফরমেশন

020 7222 1234

হারানো জিনিসপত্র

0845 330 9882